

১৫ ডি ন

ঘটনা প্রবাহ



প্রধানমন্ত্রী শপথ বাক্য পাঠ করাচ্ছেন সিটি কর্পোরেশনের নবনির্বাচিত মেয়রদের

২৯ এপ্রিল : খাগড়াছড়ি জেলার মানিকছড়ি থানার গচ্ছাবিল গ্রামে মদন গোপাল গোস্বামী (৫৫) 'প্রকাশ মদন বাবা' নামে এক হিন্দু পুরোহিতকে কতিপয় সন্ত্রাসী চাঁদার দাবিতে ঘরে ঢুকে উপর্যুপরি ছুরিকাঘাত করে নৃশংসভাবে খুন করেছে।

রাজশাহী নাগরিক কমিটি আহৃত ৬-২টা হরতাল পালিত হয়েছে। ২৭ এপ্রিল হরতালে পুলিশের হামলা, নির্যাতনের প্রতিবাদে এই হরতাল ডাকা হয়।

ভৈরবের পার্শ্ববর্তী রায়পুরা উপজেলার রামনগর গ্রামে পুলিশ আসামি ধরতে এলে পুলিশের সহায়তায় প্রতিপক্ষের লোকেরা আবদুল আওয়াল নামে এক ব্যক্তিকে বেধড়ক প্রহার করে হত্যা করে।

৩০ এপ্রিল : সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ জননিরাপত্তা আইনের বৈধতা চ্যালেঞ্জ সম্পর্কিত রিট পিটিশনের অধীনে জারিকৃত রুল অকার্যকর বলে ঘোষণা করেছেন।

দেশের বিভিন্ন স্থানে প্রবল ঝড়-বৃষ্টি হয়েছে। সিলেট, সুনামগঞ্জ, ময়মনসিংহ ও উত্তরাঞ্চলে নিহত হয়েছে ১০ জন। আহত অনেক।

১ মে : জাতীয় অগ্রগতি ও সমৃদ্ধির বৃহত্তর স্বার্থে কলকারখানার উৎপাদন বৃদ্ধি এবং শ্রমজীবী মানুষের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় নতুন করে অঙ্গীকার গ্রহণের মতে দিয়ে ঐতিহাসিক মে দিবস পালিত।

২ মে : আলমডাঙ্গা উপজেলাধীন খাসকড়রা গ্রামে সশস্ত্র সন্ত্রাসীদের ব্রাশফায়ারে সহোদর কেসমত আলী ওরফে কালু (৩২) ও আসমত আলী আসমানসহ ৩ জন নিহত হয়।

রাজধানীর বিভিন্ন স্থানে ৩টি হত্যা, ৩টি ডাকাতি ও ২টি ছিনতাইয়ের ঘটনা ঘটে।

রাজধানীতে ১১ হাজার লাইনের চকবাজার টেলিফোন একচেঞ্জের মাত্র নয় সপ্তাহের মধ্যে দ্বিতীয় দফা অগ্নিকান্ড ঘটে। এতে একচেঞ্জের সকল টেলিফোন বিকল হয়ে যায়।

৩ মে : বিগত আওয়ামী লীগ সরকারের আমলে সংঘটিত ক্ষমতার অপব্যবহার, অনিয়ম ও দুর্নীতির শ্বেতপত্রের তৃতীয় খন্ড প্রকাশ করা হয়েছে।

গজারিয়ার অদূরে ষাটনল নামক স্থানে মেঘনা নদীর মোহনায় টর্নেডোর কবলে পড়ে ৪ শতাধিক যাত্রী নিয়ে পটুয়াখালীগামী লঞ্চ সালাহউদ্দিন-২ ডুবে যায়।

৪ মে : মেঘনা নদীতে নিমজ্জিত এমভি সালাহউদ্দিন-২ লঞ্চের ৩শ' যাত্রীর ভাগ্য অনিশ্চিত। দুই জন যাত্রীর মৃতদেহ উদ্ধার করা হয়েছে। উদ্ধার কার্য চলছে।

কালবৈশাখী ঝড়ে দেশের বিভিন্ন স্থানে ১২ জনের প্রাণহানি ঘটেছে।

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ ফুলবাড়িয়া এলাকা থেকে ট্রিপল মার্ডার কেসের আসামি সুমনকে গ্রেপ্তার করে।

৫ মে : নিমজ্জিত সালাহউদ্দিন-২ লঞ্চ থেকে ৫৫টি লাশ উদ্ধার করা হয়েছে। লঞ্চটি উদ্ধার করা সম্ভব হয়নি।

ঢাকা, খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশনের নবনির্বাচিত তিন মেয়র এক অনাড়ম্বর অনুষ্ঠানে শপথ গ্রহণ করেছেন।



রাজশাহীতে হরতাল প্রতিরোধে ছাত্রদল ক্যাডারের অ্যাকশন